কালের কণ্ঠ

তারিখ ..27 DEC 2017...
পৃষ্ঠা ...2... কলাম ...1...

বিইউপির সমাবর্তনে রাষ্ট্রপতি

# গ্র্যাজুয়েটদের জন্য কর্মক্ষেত্র তৈরি করুন

**কালের কণ্ঠ ডেস্ক ▷**

গ্র্যাজুয়েটরা যাতে তাঁদের মেধা ও সম্ভাবনা কাজে লাগাতে পারেন তাঁর সুযোগ সৃষ্টি করতে সংশ্লিষ্ট সবার প্রতি আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি আবদুল হামিদ। তিনি বলেন, 'অপার সম্ভাবনার দেশ বাংলাদেশের এ সম্ভাবনাকে কাজে লাগাতে আমাদের প্রয়োজন দক্ষ মানবসম্পদ। দেশের জনসংখ্যাকে দক্ষ ও নিশ্চিত করে তুলতে পারলে তা হবে আমাদের জন্য আশীর্বাদ।'

গতকাল মঙ্গলবার বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালসের (বিইউপি) চতুর্থ সমাবর্তন-২০১৭-র অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। তিনি নবীন গ্র্যাজুয়েটদের মুক্তিযুদ্ধের চেতনায় দেশপ্রেমে উদ্বুদ্ধ হয়ে জাতির পিতার স্বপ্ন বাস্তবায়নে চাকরির পাশাপাশি স্বকর্মসংস্থানে নিয়োজিত হওয়ার আহ্বান জানান।

বাংলাদেশের অমূল্য সম্পদ ও সম্ভাবনা এখনো সেভাবে ব্যবহার করা যায়নি—এ কথা উল্লেখ করে আবদুল হামিদ বলেন, 'আমাদের সব প্রয়াসের কেন্দ্রবিন্দু হবে নব প্রজন্মের উন্নয়ন। কারণ একটি জাতির উন্নয়ন ও সমৃদ্ধি তরুণ প্রজন্মের শিক্ষার ওপর নির্ভরশীল।'

রাষ্ট্রপতি বলেন, 'সরকার তরুণ প্রজন্মকে দক্ষ মানবসম্পদে পরিণত করতে শিক্ষা, প্রশিক্ষণ ও কর্মমুখী শিক্ষাসহ নানা কর্মসূচি বাস্তবায়ন করছে। এর সুফল আমাদের গ্রহণ করতে হবে।'

বিশ্ববিদ্যালয়গুলোর চ্যান্সেলর ও রাষ্ট্রপতি আবদুল হামিদ প্রাথমিক থেকে উচ্চস্তরে মানবিক ও ব্যবসায় শিক্ষার পাশাপাশি বিজ্ঞান শিক্ষার ওপর গুরুত্বারোপ করে বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিশ্ব প্রেক্ষাপট বিবেচনায় ভিশন-২০২১ তথা ডিজিটাল বাংলাদেশ প্রতিষ্ঠার ঘোষণা দিয়েছেন। রাষ্ট্রপতি আরো বলেন, একবিংশ শতাব্দী জাতীয় ও আন্তর্জাতিক অঙ্গনে বিভিন্ন চ্যালেঞ্জ ছুড়ে দিয়েছে। এ প্রতিযোগিতায় টিকতে হলে তরুণ প্রজন্মকে জ্ঞান-বিজ্ঞান ও তথ্য-প্রযুক্তিতে দক্ষ করে গড়ে তোলার কোনো বিকল্প নেই।

রাষ্ট্রপতি বিইউপিতে বঙ্গবন্ধু চেয়ার প্রতিষ্ঠার জন্য বিশ্ববিদ্যালয়টির কর্তৃপক্ষ ও সংশ্লিষ্ট অন্যদের ধন্যবাদ জানিয়ে আশা পোষণ করেন যে এর মাধ্যমে নতুন ও ভবিষ্যৎ প্রজন্ম বঙ্গবন্ধুর জীবন ও কর্ম এবং মুক্তিসংগ্রাম ও মুক্তিযুদ্ধ সম্পর্কে জানতে পারবে। পরে রাষ্ট্রপতি বঙ্গবন্ধু চেয়ার উদ্বোধন করেন ও বিশ্ববিদ্যালয়টির বিভিন্ন ফ্যাকাল্টি ঘুরে দেখেন।

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান ও সমাবর্তন বক্তা প্রফেসর আবদুল মান্নান, তিন বাহিনীর প্রধানগণ, বিইউপি উপাচার্য মেজর জেনারেল এম সালাহউদ্দিন মিয়াজী অনুষ্ঠানে বক্তৃতা করেন। সূত্র : বাসস।